কী হবে যদি...

বাচ্চা, বাবা মায়ের সঙ্গে না থাকে?

বাবা মা আলাদা থাকেন বা তাদের বিবাহ বিচ্ছেদ হয়?

স্কুলে নাম লেখাতে:

আপনাকে (বাবা মা, অভিভাবক বা কেয়ারগিভার) দেখাতে হবে যে বাচ্চা আপনার সঙ্গেই থাকে এবং তাকে নিজের হেফাজতে রাখার অধিকার এবং নিয়ন্ত্রণ আপনার কাছে সম্পূর্ণ এবং স্থায়ী ভাবে আছে। বিষয়টি প্রমাণ করতে আপনি স্কুল ডিস্ট্রিক্টকে এইগুলি দেখাতে পারেন:

- হেফাজতের বা অভিভাবকত্বের প্রমাণ

  অথবা

- একটি এফিডেভিট বা হলফনামা (শপথ নিয়ে স্বাক্ষর করা লিখিত বিবৃতি) যেখানে বলা আছে যে বাচ্চাকে "হেফাজতে রাখার এবং তার উপরে নিয়ন্ত্রণ রাখার অধিকার সম্পূর্ণ ভাবে এবং স্থায়ী ভাবে" আপনার আছে

  অথবা

- অন্যান্য প্রমাণপত্র যেমন এমন কাগজপত্র যেখানে বলা আছে যে বাচ্চাকে একটি ফেডেরাল সংস্থার পক্ষ থেকে একজন স্পনসর বা উদ্যোক্তার কাছে রাখা হয়েছে।

অস্থায়ী বাসস্থানের ক্ষেত্রে যুবক-যুবতীর পরিস্থিতি বুঝে তাদের ক্ষেত্রে প্রযোজ্য আবশ্যকতা আলাদা হয় (উদাহরণস্বরূপ, পালিয়ে যাওয়া বা বাড়ি থেকে বের করে দেওয়া যুবক-যুবতী)।

অস্থায়ী বাসস্থান এবং ভর্তি করার বিষয়ে আরো জানতে, 800-388-2014 নম্বরে NYS-TEACHS কে কল করুন।

আরো তথ্যের জন্য:

নাম লেখানোর আবশ্যকতা:

NYS Education Department Office of Student Support Services
(ছাত্র সহায়তা পরিষেবার NYC শিক্ষা দপ্তরের অফিস)
(518) 486-6090

অভিবাসী বাচ্চা এবং যুবক যুবতীদের ভর্তি করা:

NYS Education Department Office of Bilingual Education & World Languages
(দ্বিভাষিক শিক্ষা এবং বিশ্ব ভাষার NYS শিক্ষা দপ্তরের অফিস)
(718) 722-2445

অস্থায়ী আবাসনে বাচ্চা এবং যুবক যুবতীর থাকার ব্যবস্থা:

NYS Technical and Education Assistance Center for Homeless Students
(NYS-TEACHS) গৃহহীন ছাত্রদের জন্য NYS প্রযুক্তিগত এবং শিক্ষা সহায়তা কেন্দ্র
(800) 388-2014

NYS Education Department State Coordinator for Homeless Education
গৃহহীনদের শিক্ষার জন্য NYS শিক্ষা দপ্তরের স্টেট কোঅর্ডিনেটর
(518) 473-0295

এই হাতবইতে প্রযোজ্য নিয়মকানুন অনুসারে বিদ্যমান ব্যবস্থার কথা উল্লেখ করা হয়েছে এবং শুধুমাত্র তথ্য জানতেই তা ব্যবহার করা উচিত। প্রযোজ্য নিয়মকানুন অনুসারে পূরণীয় আবশ্যকতার বিষয়ে আরো বিস্তারিত ভাবে জানতে, অনুগ্রহ করে কোনো আইনজীবী সঙ্গে কথা বলে নিন বা সংশোধিত ও 1লা জুলাই 2015 থেকে চালু হওয়া 8 NYCRR বিভাগ 100.2(x) এবং 100.2 (y) দেখুন।

অগাস্ট 2015



স্কুলে রেজিস্ট্রেশনের যিনি দেখাশোনা করেন বিষয়ে প্রযোজ্য নতুন নিয়মগুলি বোঝার এক সহায়িকা

New York State
EDUCATION DEPARTMENT
Knowledge › Skill › Opportunity

স্কুলে ভর্তি করতে, আপনাকে দেখাতে হবে:

- যে আপনি স্কুলের জেলায় বসবাস করেন এবং সেখানেই থাকার অভিপ্রায় রাখেন। আপনি যে একজন "বাসিন্দা" সেটাই আপনাকে দেখাতে হয়।

এবং

- আপনার বাচ্চার বয়স।

আপনি কি জানেন

আপনি আপনার বাচ্চাকে যে জেলাতে নথিভুক্ত করছেন আপনি যে সেই জেলাতেই বসবাস করেন তার প্রমাণ কীভাবে দেখাবেন?

আপনি কি জানেন

আপনি কীভাবে আপনার বাচ্চার বয়সের প্রমাণ দিতে পারবেন?

আপনি কি জানেন:

- আপনার অনুরোধ জানানোর একদিনের ভিতরেই আপনার বাচ্চাকে ভর্তি হতে হবে।
- বাচ্চা এবং যুবক-যুবতী বিনামূল্যে সর্বজনীন শিক্ষা পেতে পারবে, এমনকি তারা নথিভুক্ত না হলেও বা নাগরিক না হলেও।
- ভর্তির সময়ে বা ভর্তির শর্ত হিসাবে স্কুল আপনাকে আপনার সামাজিক নিরাপত্তা কার্ড বা সামাজিক নিরাপত্তা নম্বর *জানতে চাইতে পারে না*।
- ভর্তির সময়ে বা ভর্তির শর্ত হিসাবে স্কুল অভিবাসন স্থিতি *জানতে চাইতে পারে না* (তবে ভর্তি হয়ে যাওয়ার পরে আপনার বাচ্চার জন্ম কোন দেশে হয়েছে তা তারা জানতে চাইতে পারে)।
- আপনার বাসস্থানের প্রমাণপত্র দেখানোর বিভিন্ন উপায় রয়েছে। স্কুলকে আপনাকে অবশ্যই একাধিক বিকল্প দিতে হবে এবং তা না দিয়ে শুধুমাত্র লিজ বা চুক্তিপত্র *চাইতে পারবে না*।
- আপনার বাচ্চার জন্মের প্রমাণপত্র আপনার কাছে না থাকলেও সে স্কুলে ভর্তি হতে পারবে।
- যুবক-যুবতী তাদের-বাবা মায়ের সঙ্গে না থাকলেও কিছু পরিস্থিতিতে স্কুলে ভর্তি হতে পারবে।

অস্থায়ী বাসস্থানে থাকা বাচ্চা এবং যুবক-যুবতী সাধারণ ভাবে স্কুলে ভর্তি হতে যে সমস্ত কাগজপত্র লাগে তাদের ছাড়াই ভর্তি হতে পারে। বাচ্চা এবং যুবক-যুবতীদের অস্থায়ী ভাবে বাসস্থানের ব্যবস্থা দেওয়া হয় যখন তাদের রাতে থাকার নির্দিষ্ট, নিয়মিত এবং পর্যাপ্ত বাসস্থান না থাকে। উদাহরণস্বরূপ:

– কোনো আশ্রয়ে থাকা বা
– কোনো আত্মীয় বা বন্ধুর বাড়িতে থাকা কারণ তাদের বাড়ি নষ্ট হয়ে গেছে বা বাড়ি থেকে উৎখাত করা হয়েছে।

বাসস্থানের প্রমাণপত্র দেখানোর উপায়:

- লিজ বা চুক্তিপত্র
- আপনি যাকে বাড়িভাড়া দেন তার কাছ থেকে হলফনামা (শপথ নিয়ে স্বাক্ষর করা একটি লিখিত বিবৃতি) যেখানে বলা আছে যে আপনি ওখানে বসবাস করেন
- আপনি যাকে বাড়িভাড়া দেন তার কাছ থেকে একটি চিঠি যেখানে লেখা আছে যে আপনি ওখানে বসবাস করেন
- অন্য ব্যক্তির কাছ থেকে একটি চিঠি যেখানে লেখা আছে যে আপনি আপনার দেওয়া ঠিকানায় বসবাস করেন
- অন্যান্য কাগজপত্র, যেমন:
  - আপনার ঠিকানার উল্লেখ থাকা গে স্টাব
  - আপনার ঠিকানার উল্লেখ থাকা আয়করের ফর্ম
  - আপনার নামে থাকা ইউটিলিটি বিল বা অন্যান্য বিল
  - বাসস্থানের উপর ভিত্তি করে থাকা সদস্যতার কাগজপত্র, যেমন স্থানীয় লাইব্রেরি কার্ড
  - ভোটার রেজিস্ট্রেশন কার্ড
  - ড্রাইভার লাইসেন্স বা পারমিট বা নন-ড্রাইভার আইডি
  - রাজ্যের বা সরকারের জারি করা অন্যান্য আইডি
  - সরকারি সংস্থার তরফ থেকে কাগজপত্র যেমন কোনো সামাজিক পরিষেবা প্রদানকারী সংস্থা বা অভিবাসীদের পুনর্বাসনের ফেডেরাল অফিস
  - হেফাজত বা অভিভাবকত্বের কাগজপত্র

যদি স্কুল ডিস্ট্রিক্ট এমন সিদ্ধান্ত নেয় যে আপনার বাচ্চা জেলার স্কুলে যেতে পারবে না কারণ সে একজন বাসিন্দা নয়, তাহলে জেলাকে অবশ্যই দুইটি কর্মদিবসের ভিতরে তাদের সিদ্ধান্ত বিস্তারিত ভাবে জানিয়ে এবং কীভাবে সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন জানাতে পারবেন তা জানিয়ে আপনাকে অবশ্যই একটি চিঠি দিতে হবে।

বাচ্চার বয়সের প্রমাণ দেখানোর উপায়:

- শংসাপত্র দেওয়া জন্মের প্রমাণপত্র (যেকোনো দেশের)
- ধর্মে দীক্ষিত হওয়ার রেকর্ড (যেকোনো দেশের)
- পাসপোর্ট (যেকোনো দেশের)

আপনার কাছে জন্মের প্রমাণপত্র, ধর্মে দীক্ষিত হওয়ার রেকর্ড বা পাসপোর্ট না থাকলে, আপনার কাছে যদি অন্যান্য কাগজপত্র অন্ততপক্ষে দুই বছর ধরে থাকে তাহলে আপনি তাদের ব্যবহারও করতে পারবেন, যেমন ধরুন:

- ড্রাইভার লাইসেন্স
- রাজ্যের বা সরকারের জারি করা আইডি
- জন্মতারিখ থাকা স্কুলের ফোটো আইডি
- কনস্যুলেটের আইডি কার্ড
- হাসপাতালের বা স্বাস্থ্যের রেকর্ড
- সেনা বিভাগের আইডি কার্ড
- ফেডেরাল/রাজ্য/স্থানীয় সংস্থার তরফ থেকে অন্যান্য কাগজপত্র (উদাহরণ: সামাজিক পরিষেবা দপ্তর, অভিবাসী পুনর্বাসন অফিস)
- আদালতের অর্ডার
- নেটিভ আমেরিকান ট্রাইবাল ডকুমেন্ট
- আন্তর্জাতিক সহায়তা সংস্থা বা স্বেচ্ছাসেবক সংস্থা থেকে রেকর্ড